

# ‘ইন্টেল সিকিউরিটি ম্যাকাফি নিয়ে সারাদেশে কাজ করতে চাই’

কমপিউটার ভিলেজ দেশে বিশ্বখ্যাত নানা ব্র্যান্ডের প্রযুক্তিপণ্যের পরিবেশক ও বিক্রেতা প্রতিষ্ঠান। ১৯৯৮ সালে শুরু করা প্রতিষ্ঠানটির পণ্য, বিক্রয়োত্তর সেবা ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে কমপিউটার জগৎ-এর সাথে একান্ত সাক্ষাৎকারে কথা বলেছেন প্রতিষ্ঠানটির পরিচালক মো: তৌফিক এলাহী। সাক্ষাৎকার নিয়েছেন সোহেল রানা।

**কমপিউটার জগৎ : আপনাদের প্রতিষ্ঠানের শুরুর কথা সম্পর্কে কিছু বলুন?**

মো: তৌফিক এলাহী : কমপিউটার ভিলেজ ১৯৯৮ সালে একটি মাত্র শোরুম নিয়ে চট্টগ্রামে যাত্রা শুরু করে। বর্তমানে ঢাকা ও চট্টগ্রামে আমাদের সাতটি শাখা ও তিনটি সার্ভিস সেন্টার আছে। এছাড়া সারাদেশে ডিলার প্রতিষ্ঠানের মাধ্যমে আমরা পণ্য বাজারজাত করি।

**কমপিউটার জগৎ : কোন কোন ব্র্যান্ডের পণ্য আপনারা বাজারজাত করেন?**

মো: তৌফিক এলাহী : কমপিউটার ভিলেজ ইন্টেল সিকিউরিটি ম্যাকাফি ব্র্যান্ডের পণ্য, জোন্টাক ব্র্যান্ডের গ্রাফিক্স কার্ড, এইচপির ডিভিডি রাইটার, টেক ফাইন ও পাওয়ারভিশন ব্র্যান্ডের ইউপিএস, লংহর্ন ও হ্যাংফেট ব্র্যান্ডের টোনাল, ভিশন ব্র্যান্ডের কিবোর্ড, মাউস, নোটবুক কুলার, কেসিংসহ অন্যান্য পণ্যের পরিবেশক হিসেবে কাজ করছি।

**কমপিউটার জগৎ : ইন্টেল সিকিউরিটি ম্যাকাফি নিয়ে কিছু বলুন?**

মো: তৌফিক এলাহী : বিশ্বখ্যাত আইটি প্রতিষ্ঠান ইন্টেল কর্পোরেশন তাদের সিকিউরিটি প্রোডাক্ট ইন্টেল সিকিউরিটি ম্যাকাফির জন্য বাংলাদেশে কমপিউটার ভিলেজকে ন্যাশনাল ডিস্ট্রিবিউটর হিসেবে নিয়োগ দিয়েছে। সম্পাদিত চুক্তি অনুসারে আমাদের ঢাকা ও চট্টগ্রামের শাখাগুলো এবং দেশব্যাপী ডিলার চ্যানেলের মাধ্যমে ইন্টেল সিকিউরিটি ম্যাকাফির পণ্যগুলো বাজারজাত করছি। ইন্টেল কর্পোরেশন ২০১১ সালে বিশ্বের বৃহত্তম সিকিউরিটি সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান ম্যাকাফিকে কিনে নেয় এবং ২০১৪ সাল থেকে ম্যাকাফি ব্র্যান্ডের সিকিউরিটি পণ্যগুলো ইন্টেল সিকিউরিটি ম্যাকাফি নামে বাজারজাত করছে।

বর্তমানে ম্যাকাফি ইন্টারনেট সিকিউরিটি (এমআইএস-১ ও এমআইএস-৩) নামে এক বছর ও তিন বছর মেয়াদের দুটি প্রোডাক্ট বাজারে আছে, যা থেকে গ্রাহকেরা তাদের

পিসিকে দিতে পারবেন এক বছর ও তিন বছরের নিরাপত্তা সুরক্ষা। এই পণ্যে রয়েছে বিশেষ কিছু সুবিধা। যেমন- ওয়াইফাই প্রোটেকশন, গার্ড অ্যাগেইনস্ট ভাইরাস অ্যান্ড অনলাইন থ্রেটস, প্যারেন্টাল কন্ট্রোল অ্যান্ড ওয়েব সেফটি টুলস ইত্যাদি।

ইন্টেল সিকিউরিটি ম্যাকাফি দেয় প্রোঅ্যাক্টিভ প্রোভেন সলিউশন ও সার্ভিস, যা সিস্টেম ও নেটওয়ার্ক বিশ্বকে সিকিউর করতে সহায়তা করে। এই পণ্য দুটি নিয়ে আমরা দেশব্যাপী অনেক কাজ করতে চাই।

**কমপিউটার জগৎ : দেশে বর্তমানে হার্ডওয়্যার ব্যবসায়ের প্রবণতা কেমন?**

মো: তৌফিক এলাহী : দেশে দিন দিন হার্ডওয়্যার ব্যবসায় প্রসারিত হচ্ছে। বর্তমানে ডেস্কটপ ও ল্যাপটপ দুই ক্ষেত্রেই কোরআই৩ বেশি বিক্রি হচ্ছে। পিসির দাম বেশ কিছুদিন থেকে খুব বেশি ওঠানামা করছে না।

একটা নির্দিষ্ট রেঞ্জের মধ্যে আটকে আছে। হার্ডওয়্যার পণ্যে বাংলাদেশ কমপিউটার সমিতির এক বছরের ওয়ারেন্টি নীতিমালা ব্যবসায়ীদের জন্য মানা উচিত।

**কমপিউটার জগৎ : আপনাদের সার্ভিস সেন্টার সম্পর্কে বলুন?**

মো: তৌফিক এলাহী : বর্তমানে ঢাকায় একটি ও চট্টগ্রামে দুটি সার্ভিস সেন্টার আছে। একদল সুদক্ষ ইঞ্জিনিয়ার ও টেকনিশিয়ান দিয়ে সেন্টার তিনটি পরিচালিত হচ্ছে। আমরা কাস্টমারদের সমস্যাগুলোকে নিজেদের সমস্যা মনে করে মানসম্পন্ন সেবা দিয়ে থাকি। আমরা উন্নত প্রযুক্তির যন্ত্রাংশের মাধ্যমে ল্যাপটপ, ডেস্কটপ পিসি, মনিটর, প্রিন্টার, ইউপিএস সার্ভিসিং সেবা দিই। আমরা ধরন বুঝে তিন থেকে পাঁচ দিনের মধ্যে



মো: তৌফিক এলাহী

সমস্যা সমাধান দিয়ে থাকি।

**কমপিউটার জগৎ :**

বর্তমানে আপনাদের কোনো বিশেষ অফার আছে কি না?

মো: তৌফিক এলাহী : ইন্টেল সিকিউরিটি ম্যাকাফির এক বছর ও তিন বছর মেয়াদের দুটি পণ্যের দাম যথাক্রমে ১০০০ ও ২০০০ টাকা। তবে বর্তমানে ২৬ শতাংশ মূল্যছাড়ে যা পাওয়া যাচ্ছে যথাক্রমে ৭৪০ ও ১৪৮০ টাকায়। আইডিবি, মাল্টিপ্ল্যানসহ দেশের সব

কমপিউটার মার্কেটে এই পণ্য পাওয়া যাবে। এই অফার মে মাস পর্যন্ত চলবে। এছাড়া প্রতিটি টোনাল ক্রেয়ে ১০০ টাকার আগোরার গিফট ভাউচার এবং যেকোনো ব্র্যান্ডের ল্যাপটপ ও ডেস্কটপ পিসি ক্রেয়ে রয়েছে এক বছর মেয়াদী ইন্টেল সিকিউরিটি ম্যাকাফি পণ্য ফ্রি। এই অফার বৈশাখ মাস জুড়ে।

**কমপিউটার জগৎ : ইন্টেল সিকিউরিটি ম্যাকাফি কুইজ প্রতিযোগিতা নিয়ে কিছু বলুন?**

মো: তৌফিক এলাহী : বাংলাদেশ ইন্টেল সিকিউরিটি ম্যাকাফির ন্যাশনাল ডিস্ট্রিবিউটর হিসেবে আমরা অনলাইন কুইজ প্রতিযোগিতা আয়োজন করেছি। আগ্রহীরা [www.village-bd.com/quiz](http://www.village-bd.com/quiz) অথবা [www.facebook.com/computer.village.bd](http://www.facebook.com/computer.village.bd) লগইন করে এই প্রতিযোগিতায় অংশ নেয়ার সুযোগ পাবেন। প্রতি সপ্তাহে ১০টি কুইজের মধ্যে সর্বোচ্চ সঠিক উত্তরদাতাদের মধ্যে একজন বিজয়ী পাবেন একটি আসুস ট্যাব। কুইজ ড্রয়ের তারিখ ১২, ১৯, ২৬ মে ও ৬ জুন। প্রতিযোগিতা ৫ মে রাত ১২টা ১ মিনিটে শুরু হয়ে ৫ জুন রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত চলবে। একটি ই-মেইল আইডি থেকে একবার এই প্রতিযোগিতায় অংশ নেয়া যাবে।

**কমপিউটার জগৎ : আপনাদের ভবিষ্যৎ পরিকল্পনা কী?**

মো: তৌফিক এলাহী : ২০১৬ সালের মধ্যে ঢাকায় তিন থেকে চারটি ও চট্টগ্রামে দুটি শাখা খোলার পরিকল্পনা আছে। এছাড়া পরবর্তীতে ঢাকার বাইরেও শাখা খোলা হবে